

১. ধারাবাহিক অনুপাত বলে-।
ক এক বা একাধিক অনুপাতকে দুই বা ততোধিক অনুপাতকে
খ দুই বা ততোধিক অনুপাতকে একটি তিন বা ততোধিক রাশির অনুপাতকে
গ তিন বা ততোধিক অনুপাতকে চার বা ততোধিক অনুপাতকে
ঘ দুই বা দুটির বেশি অনুপাতকে একটি রাশির অনুপাতে প্রকাশ করলে
২. কোনো রাশিকে নির্দিষ্ট অনুপাতে ভাগ করাকে বলে-।
ক আনুপাতিক ভাগ খ সমানুপাতিক ভাগ
গ দ্বিগুণানুপাত ঘ সমানুপাত
৩. 48 : 72 অনুপাতটি কোনটির সমান?
ক 3 : 2 খ 1 : 2
গ 2 : 3 ঘ 4 : 5
৪. 4 : 6 : 8 অনুপাত কোনটির সমতুল্য?
ক 1 : 2 : 4 খ 2 : 3 : 4
গ 1 : 3 : 4 ঘ 2 : 3 : 4
৫. $\frac{3}{5} : \frac{4}{5}$ কত?
ক 16 : 15 খ 8 : 12
গ 15 : 16 ঘ 6 : 7
৬. ক : খ = 3 : 2 এবং খ : গ = 4 : 3 হলে, ক : খ : গ = কত?
ক 6 : 4 : 3 খ 3 : 2 : 3
গ 6 : 9 : 3 ঘ 2 : 4 : 6
৭. ক এর আয় 1000 টাকা, খ এর আয় 1500 টাকা এবং গ এর আয় 1125 টাকা হলে, ক : খ : গ = কত?
ক 8 : 10 : 13 খ 4 : 6 : 9
গ 8 : 9 : 12 ঘ 8 : 12 : 9
৮. ক : খ = 3 : 4 এবং খ : গ = 5 : 6 হলে, ক : খ : গ = কত?
ক 20 : 24 : 25 খ 15 : 18 : 22
গ 15 : 20 : 24 ঘ 15 : 12 : 10
৯. $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{9}$ অনুপাতটি কোনটির সমতুল্য?
ক 6 : 2 : 9 খ 9 : 6 : 2
গ 9 : 4 : 3 ঘ 9 : 12 : 15
১০. $\frac{2}{3} : \frac{4}{5} : \frac{5}{6}$ এর অনুপাত কোনটি?
ক 20 : 24 : 25 খ 22 : 24 : 27
গ 20 : 22 : 25 ঘ 18 : 20 : 24
১১. a : b = 3 : 4 এবং b : c = 8 : 9 হলে a : c = কত?
ক 3 : 2 খ 1 : 2
গ 2 : 3 ঘ 4 : 5

১২. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3 : 4 : 5 হলে, কোণ তিনটি ডিগ্রিতে প্রকাশ কর।
ক 90°, 30°, 60° খ 45°, 60°, 75°
গ 80°, 10°, 90° ঘ 50°, 60°, 70°
১৩. কাগজের ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 5 : 6 এতে শতকরা কত লাভ হবে?
ক 30% খ 20%
গ 25% ঘ 15%
১৪. ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 4 : 5 হলে, এতে শতকরা কত লাভ?
ক 10% খ 15%
গ 20% ঘ 25%
১৫. একটি কলমের ক্রয়মূল্য : বিক্রয়মূল্য = 3 : 2 হলে, এতে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?
ক 15% লাভ খ 15% ক্ষতি
গ 20% ক্ষতি ঘ 20% লাভ
১৬. ধানে চাল ও তুষের অনুপাত 7 : 3 হলে, এতে শতকরা কি পরিমাণ চাল আছে?
ক 20% খ ৫০%
গ 60% ঘ 70%
১৭. 1 ঘন সে.মি. কাঠের ওজন 7 ডেসিগ্রাম। কাঠের ওজন সম আয়তন পানির ওজনের শতকরা কত?
ক 60% খ 70%
গ 80% ঘ 90%
১৮. একটি কাঠের পুল তৈরির প্রাক্কলিত ব্যয় 90,000 টাকা। কিন্তু খরচ বেশি হয়েছে 21,600 টাকা। খরচ শতকরা কত বৃদ্ধি পেয়েছে?
ক 24% খ 12%
গ 36% ঘ 48%
১৯. একটি মাঠের ক্ষেত্রফল 1176 বর্গমিটার। ঐ মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের সঙ্গে অপর একটি মাঠের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত যথাক্রমে 4 : 3 এবং 3 : 2 হলে, অপর মাঠের ক্ষেত্রফল নির্ণয় কর।
ক 176 খ 294
গ 392 ঘ 588
২০. কাগজের পূর্বমূল্য : বর্তমান মূল্য = 2 : 3 । পূর্বের তুলনায় মূল্য শতকরা কত বৃদ্ধি পেয়েছে?
ক 50% খ 25%
গ 30% ঘ 75%
২১. একটি মাঠের জমিতে সেচের সুযোগ আসার আগের ও পরের ফলনের অনুপাত 4 : 7 ঐ মাঠে যে জমিতে আগে 30.4 কুইন্টাল ধান ফলত, সেচ পাওয়ার পর তার ফলন কত কুইন্টাল হবে?
ক 52.3 খ 51.2
গ 53.2 ঘ 53.5

